

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ৬, ২০০৯

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ৬ই অক্টোবর, ২০০৯/২১শে আশ্বিন, ১৪১৬

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ৬ই অক্টোবর, ২০০৯ (২১শে আশ্বিন, ১৪১৬) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

২০০৯ সনের ৫৬ নং আইন

**Jamuna Multipurpose Bridge Authority Ordinance, 1985** এর

অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে The Jamuna Multipurpose Bridge Authority Ordinance, 1985 (Ord. XXXIV of 1985) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন Jamuna Multipurpose Bridge Authority (Amendment) Act, 2009 নামে অভিহিত হইবে।

(২) এই আইন ০৪ পৌষ, ১৪১৪ বাৎ/১৮ ডিসেম্বর, ২০০৭ খ্রিঃ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

( ৬৮০৫ )

মূল্য : টাকা ৪.০০

২। **Ord. XXXIV of 1985** এর পূর্ণ শিরোনাম (**long title**) এর সংশোধন।— Jamuna Multipurpose Bridge Authority Ordinance, 1985 (Ord. XXXIV of 1985) অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর পূর্ণ শিরোনামের (**long title**) “Jamuna Multipurpose Bridge Authority” শব্দগুলির পরিবর্তে “Bangladesh Bridge Authority” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৩। **Ord. XXXIV of 1985** এর প্রস্তাবনা (**preamble**) এর সংশোধন।—উক্ত Ordinance এর প্রস্তাবনার (**preamble**) “Jamuna Multipurpose Bridge Authority” শব্দগুলির পরিবর্তে “Bangladesh Bridge Authority” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৪। **Ord. XXXIV of 1985** এর **section 1** এর সংশোধন।—উক্ত Ordinance এর **section 1** এর “Jamuna Multipurpose Bridge Authority” শব্দগুলির পরিবর্তে “Bangladesh Bridge Authority” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৫। **Ord. XXXIV of 1985** এর **section 2** এর সংশোধন।—উক্ত Ordinance এর **section 2** এর—

(ক) clause (a) এর “Jamuna Multipurpose Bridge Authority” শব্দগুলির পরিবর্তে “Bangladesh Bridge Authority” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) clause (j) এর পরিবর্তে নিম্নরূপ clause (j) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“(j) “river training works” means guide bunds, grounds, embankments, protected banks, filled areas and other works forming the protection system of a bridge, both upstream and downstream, and in relation to any bridge on any river, and it includes the protection works thereof ;” এবং

(গ) clause (1) এর “by pass” শব্দের পরিবর্তে “by-pass” শব্দ এবং চিহ্ন প্রতিস্থাপিত হইবে।

৬। **Ord. XXXIV of 1985** এর **section 4** এর সংশোধন।—উক্ত Ordinance এর section 4 এর “Jamuna Multipurpose Bridge Authority” শব্দগুলির পরিবর্তে “Bangladesh Bridge Authority” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৭। **Ord. XXXIV of 1985** এর **section 6A** এর সংশোধন।—উক্ত Ordinance এর section 6A এর sub-section (3) এর শেষ প্রান্তস্থিত ফুলস্টপের পরিবর্তে কোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথা ঃ—

“Provided that no resignation shall take effect until it is accepted by the Government.”।

৮। **Ord. XXXIV of 1985** এর **section 8** এর সংশোধন।—উক্ত Ordinance এর section 8 এর sub-section (1) এর “time” শব্দটির পরিবর্তে “times” শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৯। **Ord. XXXIV of 1985** এর **section 10** এর সংশোধন।—উক্ত Ordinance এর section 10 এর sub-section (1) এ “thereunder” শব্দের পর কমা সন্নিবেশিত হইবে।

১০। **Ord. XXXIV of 1985** এর **section 16** এর সংশোধন।—উক্ত Ordinance এর section 16 এর—

(ক) sub-section (1) এর “Jamuna Multipurpose Bridge Authority” শব্দগুলির পরিবর্তে “Bangladesh Bridge Authority” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) sub-section (2) এর “Jamuna Multipurpose Bridge Authority” শব্দগুলির পরিবর্তে “Bangladesh Bridge Authority” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

১১। **Ord. XXXIV of 1985** এর **section 22** এর সংশোধন।—উক্ত Ordinance এর section 22 এর “proceeding” শব্দের পরিবর্তে “proceedings” শব্দটি এবং “employee or the Authority” শব্দের পরিবর্তে “employee of the Authority” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

১২। হেফাজত সংক্রান্ত বিশেষ বিধান।—(১) Jamuna Multipurpose Bridge Authority (Amendment) Ordinance, 2007 (২০০৭ সনের ৩৮ নম্বর অধ্যাদেশ), অতঃপর উক্ত অধ্যাদেশ বলিয়া উল্লিখিত, এর অধীন কৃত কাজকর্ম বা গৃহীত ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(২) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৯৩ এর দফা (২) এর বিধান অনুসারে উক্ত অধ্যাদেশের কার্যকরতা লোপ পাওয়া সত্ত্বেও অনুরূপ লোপ পাইবার পর উহার ধারাবাহিকতায় বা বিবেচিত ধারাবাহিকতায় কোন কাজকর্ম কৃত বা ব্যবস্থা গৃহীত হইয়া থাকিলে উহা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

আশফাক হামিদ

সচিব।

---

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)